

সরকারী কলেজে ৩৫ জন
প্রভাষক নিয়োগের সিদ্ধান্ত

বাসস জানায়, সরকার দেশের
সরকারী কলেজসমূহে শিক্ষকের
সমতা পূরণের লক্ষ্যে ০ শত ৫০
জন প্রভাষক নিয়োগের সিদ্ধান্ত
গ্রহণ করিয়াছেন। শিক্ষা মন্ত্রণা-
লয়ের একটি সূত্র জানায়,
১৯৮২-৮৩ সালে পিএসসি কত
গৃহীত বিসিএস পরীক্ষায় কৃত-
কার্যদের মধ্য হইতে প্রভাষক
নিয়োগ করা হইবে। সূত্রটি
আরও জানায়, সরকার জরুরী
ভিত্তিতে প্রভাষক নিয়োগের
সিদ্ধান্ত লইয়াছেন, যাহা শুধু-
মাত্র বেকার হ্রাসেই সহায়ক
হইবে না, অধিকতর শিক্ষিত যুবক-
দের জাতির সেবায় নিয়োজিত
হওয়ার সুযোগ আনিয়া দিবে।
মন্ত্রণালয়ের জনৈক কর্মকর্তা
স্বীকার করেন যে, শিক্ষা
প্রতিষ্ঠানে শিক্ষকের সমতার
কারণে লেখা-পড়ার ব্যাঘাত সৃষ্টি
হইতেছে।

J.